

## প্লে স্টোরে বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণবিষয়ক বইয়ের অ্যাপ

অনলাইন ডেস্ক

১৪ নভেম্বর ২০১৭, ১৫:০৩

আপডেট: ১৪ নভেম্বর ২০১৭, ১৫:০৬



সোমবার ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: রাজনীতির মহাকাব্য’ বইটির মোড়ক, ডিজিটাল ভার্সন ই-বুক ও মোবাইল অ্যাপের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ছবি: সংগৃহীত। গুগল প্লে স্টোরে উন্মুক্ত হয়েছে বঙ্গবন্ধুর সাতই মার্চের ভাষণের বিশ্লেষণ নিয়ে লেখা বই ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: রাজনীতির মহাকাব্য’-এর অ্যাপ্লিকেশন। প্লে স্টোর থেকে অ্যাপটি বিনা মূল্যে ডাউনলোড করা যাবে। সাতই মার্চের ভাষণ থেকে ২৬টি বাক্য বাছাই করে প্রতিটি বাক্যের ওপর দেশের খ্যাতিমান লেখক বুদ্ধিজীবীদের বিশ্লেষণ সংকলিত করে প্রকাশিত ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: রাজনীতির মহাকাব্য’ শীর্ষক বইটি প্রকাশ করেছে সরকারের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ সূত্রে জানা গেছে, গতকাল সোমবার ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: রাজনীতির মহাকাব্য’ বইটির মোড়ক, ডিজিটাল ভার্সন ই-বুক ও মোবাইল অ্যাপের উদ্বোধন করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

বইটিতে বাণিজ্যমন্ত্রী তোফায়েল আহমেদ, শিক্ষাবিদ মুস্তাফা নূরউল ইসলাম, ইমেরিটাস অধ্যাপক আনিসুজ্জামান, আবদুল গাফফার চৌধুরী, কামাল লোহানী, মুনতাসীর মামুন, হাসান আজিজুল হক, অজয় রায়, মুহম্মদ জাফর ইকবাল, আ আ ম স আরেফিন সিদ্দিক, আবেদ খান, এস এ মালেক, সেলিনা হোসেন, আনিসুল হক প্রমুখের লেখা রয়েছে।

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ জানান, দেশের প্রখ্যাত ব্যক্তিদের বিশ্লেষণে বঙ্গবন্ধুর সাতই মার্চের ঐতিহাসিক ভাষণ নিয়ে ‘বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণ: রাজনীতির মহাকাব্য’ বইটির ছাপা সংস্করণ, ই-বুক ও অ্যাপ তৈরি করা হয়েছে। গুগল প্লে স্টোরে ‘সেভেনথ মার্চ স্পিচ অ্যানালাইসিস’ নামে অনুসন্ধান করলে অ্যাপটি পাওয়া যাবে। অ্যাপটি ডাউনলোড করা যাবে <https://goo.gl/MaJM3r> লিংক থেকে।

© স্বত্ব প্রথম আলো ১৯৯৮ - ২০১৯

সম্পাদক ও প্রকাশক: মতিউর রহমান

প্রগতি ইনস্যুরেন্স ভবন, ২০-২১ কারওয়ান বাজার, ঢাকা ১২১৫

ফোন: ৮১৮০০৭৮-৮১, ফ্যাক্স: ৯১৩০৪৯৬, ইমেইল: [info@prothomalo.com](mailto:info@prothomalo.com)